

প্রশ্নঃ ৪৩৬. ৪ রাকাত বিশিষ্ট নামাজে শেষের ১ রাকাত পেলে তখন বাকি তিন রাকাত পড়ার পদ্ধতি কীভাবে হবে? দলিলসহ জানালে উপকৃত হতাম।

মাসবুক ব্যক্তি ইমাম সাহেব উভয় দিকে সালাম ফিরানোর পর দাঁড়িয়ে বাকি নামাজ আদায় করবে। এক্ষেত্রে সে একাকী নামাজ আদায়কারীর হুকুমে চলে যাবে। অর্থাৎ কোন কারণে সেজদায়ে সাহ্ আবশ্যিক হলে সেজদায়ে সাহ্ দিতে হবে। নামাজ ভঙ্গের কারণ হলে, নামাজ ভেঙ্গে যাবে ইত্যাদি।

আর কেবলতের ক্ষেত্রে প্রথম দিককার রাকাতের হুকুম আরোপিত হবে। অর্থাৎ যদি এক রাকাত না পায়, তাহলে দাঁড়িয়ে সানা পড়বে, তারপর ফাতিহা ও সুরা মিলাবে এভাবে বাকি নামাজ পূর্ণ করবে। আর যদি দুই রাকাত না পায়, তাহলে প্রথম রাকাতে, সানা, ফাতিহা, সুরা মিলিয়ে নিয়মমাফিক পূর্ণ করবে, তারপর দ্বিতীয় রাকাতে সুরা ফাতিহা পড়ার পর সুরা মিলাবে। আর যদি তিন রাকাত না পায়, তাহলে প্রথমে দুই রাকাত পূর্বের মত পড়বে। আর তৃতীয় রাকাতে শুধু ফাতিহা পড়বে কিন্তু সুরা মিলাবে না।

মোটকথা, রাকাত হিসেবে প্রথম রাকাত আদায়কারীর মত নামাজ আদায় করবে।

কিন্তু বৈঠক হিসেবে ধর্তব্য হবে শেষ। তথা এক রাকাত না পেলে, এক রাকাত পূর্ণ করেই শেষ বৈঠক আদায় করবে নিয়মমাফিক। আর দুই রাকাত না পেলে তা পূর্ণ করে শেষ বৈঠক আদায় করবে। এভাবে তিন রাকাত ও চার রাকাতের একই হুকুম।

ফতোয়ায় শামি-১/৫৯৬-৫৯৭

অনলাইনে দেখার জন্য স্ক্যান করুন:

